রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, আগস্ট ২২, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৭ ভাদ্র, ১৪২৮ বঙ্গাব্দ/ ২২ আগস্ট, ২০২১ খ্রিস্টাব্দ

**এস.আর.ও. নং- ২৮৪-/আইন/২০২১।**—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯ এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম।**—এই বিধিমালা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২১ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) “কমিশন” অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) “তফসিল” অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(গ) “নিয়োগকারী কর্তৃপক্ষ” অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোনো কর্মচারী;

(ঘ) “পদ” অর্থ তফসিলে উল্লিখিত কোনো পদ;

(ঙ) “প্রয়োজনীয় যোগ্যতা” অর্থ কোনো পদে নিয়োগের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(চ) “শিক্ষানবিশ” অর্থ কোনো পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোনো ব্যক্তি;


মূল্য : টাকা ৪০.০০

(ছ) “সিজিপিএ” বা “জিপিএ” অর্থ Cumulative Grade Point Average (CGPA) বা Grade Point Average (GPA); এবং

(জ) “স্বীকৃত বিশ্ববিদ্যালয়” বা “স্বীকৃত বোর্ড” বা “স্বীকৃত ইনস্টিটিউট” বা “স্বীকৃত প্রতিষ্ঠান” অর্থ আপাতত বলবৎ কোনো আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান এবং, এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোনো বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি।**—(১) তফসিলের বিধান অনুযায়ী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি সাপেক্ষে, কোনো পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ করা যাইবে, যথা:—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং

(খ) পদোন্নতির মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা যাইবে না যদি না তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা থাকে এবং, সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটি বা নির্বাচন কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) উপ-বিধি (২) এর উদ্দেশ্য পূরণকল্পে, নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটি বা নির্বাচন কমিটি, ক্ষেত্রমত, মৌখিক ও লিখিত পরীক্ষার ভিত্তিতে সংশ্লিষ্ট পদে নিয়োগের সুপারিশ করিবে:

তবে শর্ত থাকে যে, ২০তম গ্রেডভুক্ত কোনো পদে লিখিত পরীক্ষা গ্রহণ করা হইবে কিনা তাহা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হইবে।

(৪) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এইরূপ কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৫) কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না, যদি এতদুদ্দেশ্যে বাছাইকৃত ব্যক্তির—

(ক) স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার এইমর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হইয়া থাকে অথবা, তদন্ত হইলে, তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৬) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফি'সহ যথাযথ ফরম ও প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকরি কিংবা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকিলে, স্বীয় উর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

(৭) সরকারি চাকরি বা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত কোনো ব্যক্তি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করিয়া নিয়োগপ্রাপ্ত হইলে উক্ত নিয়োগ নব নিয়োগ হিসাবে গণ্য হইবে এবং তাহার পূর্ব চাকরিকাল শুধু পেনশন ও বেতন সংরক্ষণের জন্য গণনাযোগ্য হইবে এবং জ্যেষ্ঠতা বা অন্য কোনো আর্থিক সুবিধাদির জন্য উক্ত কর্মকাল গণনাযোগ্য হইবে না।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, ১৩-১৬ গ্রেডের কোনো পদ হইতে ১০-১২ গ্রেডের কোনো পদে এবং ১০-১২ গ্রেডের কোনো পদ হইতে ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের কোনো পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করিতে হইবে।

(২) যদি কোনো ব্যক্তির চাকরি বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৩) অস্থায়ী কোনো পদে এই বিধিমালার বিধান অনুযায়ী পদোন্নতি প্রদান করা যাইবে, তবে উক্ত পদোন্নতি অস্থায়ী হইবে এবং সংশ্লিষ্ট পদ স্থায়ী হইলে উক্ত পদোন্নতি স্থায়ী হইবে।

৬। **শিক্ষানবিশ।**―(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশ স্তরে―

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যেক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করিয়া থাকে যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ―

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ―

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিশির মেয়াদ চলিবারকালে কোনো শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবে এবং স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি চাকরিতে যোগদানের তারিখ হইতে চাকরিতে স্থায়ী হইবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে―

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা যাইবে না যতক্ষণ না, সরকারি আদেশবলে, সময়ে সময়ে, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন:

তবে শর্ত থাকে যে, যে সকল কর্মচারীর বয়স ৫০ (পঞ্চাশ) বৎসর উত্তীর্ণ হইবে, সেই সকল কর্মচারীকে শিক্ষানবিশকাল শেষ হইবার ১ (এক) বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না।

(৫) অস্থায়ীভাবে সৃজিত পদে অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি শিক্ষানবিশ হিসাবে গণ্য হইবেন, তবে অস্থায়ী পদ যে তারিখে স্থায়ী হইবে সেই তারিখ হইতে উক্ত ব্যক্তির চাকরি স্থায়ী হইবে।

৭। **বিশেষ বিধান।**—তফসিলে উল্লিখিত কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনের কোনো ভগ্নাংশ দেখা দিলে উভয় কোটার ভগ্নাংশকে পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত করিতে হইবে।

৮। **রহিতকরণ ও হেফাজত।**—(১) এই বিধিমালা কার্যকর হইবার সঙ্গে সঙ্গে কর্মকর্তা ও কর্মচারী (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর) নিয়োগ বিধিমালা, ১৯৯১ এতদ্দ্বারা রহিত হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত বিধিমালার অধীন—

(ক) নিয়োগকৃত ও পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী এই বিধিমালার অধীন নিয়োগকৃত ও পদোন্নতিপ্রাপ্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবেন;

(খ) গৃহীত বা কৃত কার্যক্রম এই বিধিমালার অধীন গৃহীত বা কৃত বলিয়া গণ্য হইবে; এবং

(গ) গৃহীত কোনো কার্য বা কার্যধারা অনিষ্পন্ন থাকিলে উক্ত কার্য বা কার্যধারা, এই বিধিমালার সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে।

**তফসিল -১**
[বিধি ২(খ) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | পদের নাম ও বেতন গ্রেড | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | সিস্টেম এনালিস্ট (গ্রেড-৫) | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ২। | প্রোগ্রামার (গ্রেড-৬) | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৩। | কম্পিউটার অপারেশন সুপারভাইজার (গ্রেড-৬) | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৪। | লাইব্রেরি উন্নয়ন অফিসার (গ্রেড-৬) | - | পদোন্নতির মাধ্যমে। | গ্রন্থাগারিক পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি। |
| ৫। | নির্বাহী প্রকৌশলী (গ্রেড-৬) | - | পদোন্নতির মাধ্যমে। | সহকারী প্রকৌশলী পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকরি। |
| ৬। | উপপরিচালক (প্রকৌশল) (গ্রেড-৬) | - | পদোন্নতির মাধ্যমে। | সহকারী পরিচালক (প্রকৌশল) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি। |
| ৭। | সহকারী প্রকৌশলী (গ্রেড-৯) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪(চার) বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি:<br><br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
| ৮। | সহকারী পরিচালক (প্রকৌশল) (গ্রেড-৯) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল বিষয়ে প্রকৌশলে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি:<br><br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৯। | সহকারী প্রোগ্রামার (গ্রেড-৯) | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ১০। | সিনিয়র কম্পিউটার অপারেটর (গ্রেড-৯) | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ১১। | হিসাব রক্ষণ অফিসার (গ্রেড-৯) | ৩০ বৎসর | মোট পদের-<br>(ক) শতকরা ১০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) শতকরা ৯০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>১০ম গ্রেডভুক্ত হিসাবরক্ষণ অফিসার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য অনুষদভুক্ত যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
| ১২। | গ্রন্থাগারিক (গ্রেড-৯) | ৩০ বৎসর | মোট পদের-<br>(ক) শতকরা ৫০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) শতকরা ৫০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>১০ম গ্রেডভুক্ত সহকারী গ্রন্থাগারিক কাম ক্যাটালগার বা সহকারী লাইব্রেরীয়ান পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |

| (১) | (২) | | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|---|
| ১৩। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (গ্রেড-৯) | | - | মোট পদের-<br>(ক) শতকরা ৫০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) শতকরা ৫০ ভাগ পদ পদায়নের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে :</u>**<br>(ক) সহকারী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে ব্যাচেলর অব এডুকেশন (বিএড) ডিগ্রি।<br><br>**<u>পদায়নের ক্ষেত্রে:</u>**<br><br>সিনিয়র শিক্ষক পদ হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে পদায়নের মাধ্যমে। |
| ১৪। | সিনিয়র শিক্ষক (গ্রেড-৯) | | - | পদোন্নতির মাধ্যমে। | সহকারী শিক্ষক পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকরি। |
| ১৫। | সহকারী শিক্ষক (গ্রেড-১০) | (ক) বাংলা | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএ-তে-<br><br>(ক) বাংলা বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br><br>(খ) নৈর্বাচনিক বিষয় বাংলাসহ শিক্ষা বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি; অথবা<br><br>(গ) স্নাতক পর্যায়ে বাংলাসহ শিক্ষা বিষয়ে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা |

| (১) | (২) | | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|---|
| | | | | | (ঘ) বাংলা বিষয়সহ স্নাতক বা সমমানের ডিগ্রি এবং ব্যাচেলর অব এডুকেশন (বিএড) বা ডিপ্লোমা ইন এডুকেশন ডিগ্রি বা ডিপ্লোমা:<br><br>তবে শর্ত থাকে যে, দফা (ক) তে উল্লিখিত কোনো প্রার্থী নিয়োগপ্রাপ্ত হইলে তাহাকে নিয়োগ প্রাপ্তির ৫ (পাঁচ) বৎসরের মধ্যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে শিক্ষা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ব্যাচেলর অব এডুকেশন (বিএড) বা ডিপ্লোমা ইন এডুকেশন ডিগ্রি বা ডিপ্লোমা অর্জন করিতে হইবে:<br><br>আরও শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
| | | (খ) ইংরেজি | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএ-তে-<br><br>(ক) ইংরেজি বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br><br>(খ) নৈর্বাচনিক বিষয় ইংরেজিসহ শিক্ষা বিষয়ে ৪(চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি; অথবা<br><br>(গ) স্নাতক পর্যায়ে ইংরেজিসহ শিক্ষা বিষয়ে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br><br>(ঘ) ইংরেজি বিষয়সহ স্নাতক বা সমমানের ডিগ্রি এবং ব্যাচেলর অব এডুকেশন (বিএড) বা ডিপ্লোমা ইন এডুকেশন ডিগ্রি বা ডিপ্লোমা: |

| (১) | (২) | | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|---|
| | | | | | তবে শর্ত থাকে যে দফা (ক) তে উল্লিখিত কোনো প্রার্থী নিয়োগপ্রাপ্ত হইলে তাহাকে নিয়োগ প্রাপ্তির ৫ (পাঁচ) বৎসরের মধ্যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে শিক্ষা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএ-তে ব্যাচেলর অব এডুকেশন (বিএড) বা ডিপ্লোমা ইন এডুকেশন ডিগ্রি বা ডিপ্লোমা অর্জন করিতে হইবে:<br><br>আরও শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
| | | (গ) গণিত | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএ-তে-<br><br>(ক) গণিত বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক(সম্মান) অথবা স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br><br>(খ) নৈর্বাচনিক বিষয় গণিতসহ শিক্ষা বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি; অথবা<br><br>(গ) স্নাতক পর্যায়ে গণিতসহ শিক্ষা বিষয়ে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br><br>(ঘ) গণিত বিষয়সহ স্নাতক বা সমমানের ডিগ্রি এবং ব্যাচেলর অব এডুকেশন (বিএড) বা ডিপ্লোমা ইন এডুকেশন ডিগ্রি বা ডিপ্লোমা: |

| (১) | (২) | | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|---|
| | | | | | তবে শর্ত থাকে যে দফা (ক) তে উল্লিখিত কোনো প্রার্থী নিয়োগপ্রাপ্ত হইলে তাহাকে নিয়োগ প্রাপ্তির ৫ (পাঁচ) বৎসরের মধ্যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে শিক্ষা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএ-তে ব্যাচেলর অব এডুকেশন (বিএড) বা ডিপ্লোমা ইন এডুকেশন ডিগ্রি বা ডিপ্লোমা অর্জন করিতে হইবে:<br><br>আরও শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
| | | (ঘ) সামাজিক বিজ্ঞান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএ-তে-<br>(ক) সমাজ বিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস, দর্শন, মনোবিজ্ঞান, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজ কল্যাণ, নৃবিজ্ঞান, লোক প্রশাসন বা আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ে ৪(চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>(খ) নৈর্বাচনিক বিষয় সমাজ বিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস, দর্শন, মনোবিজ্ঞান, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজ কল্যাণ, নৃবিজ্ঞান, লোক প্রশাসন বা আন্তর্জাতিক সম্পর্ক বিষয়সহ শিক্ষা বিষয়ে ৪(চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি; অথবা |

| (১) | (২) | | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|---|
| | | | | | (গ) স্নাতক পর্যায়ে সমাজ বিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস, দর্শন, মনোবিজ্ঞান, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজ কল্যাণ, নৃবিজ্ঞান, লোক প্রশাসন বা আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>(ঘ) সমাজ বিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস, দর্শন, মনোবিজ্ঞান, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজ কল্যাণ, নৃবিজ্ঞান, লোক প্রশাসন বা আন্তর্জাতিক সম্পর্ক বিষয়সহ স্নাতক বা সমমানের ডিগ্রি এবং ব্যাচেলর অব এডুকেশন (বিএড) বা ডিপ্লোমা ইন এডুকেশন ডিগ্রি বা ডিপ্লোমা:<br>তবে শর্ত থাকে যে, দফা (ক) তে উল্লিখিত কোনো প্রার্থী নিয়োগ প্রাপ্ত হইলে তাহাকে নিয়োগ প্রাপ্তির ৫ (পাঁচ) বৎসরের মধ্যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে শিক্ষা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএ-তে ব্যাচেলর অব এডুকেশন (বিএড) বা ডিপ্লোমা ইন এডুকেশন ডিগ্রি বা ডিপ্লোমা অর্জন করিতে হইবে:<br>আরও শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |

| (১) | (২) | | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|---|
| | | (ঙ) ভৌতবিজ্ঞান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএ-তে-<br><br>(ক) পদার্থ বিজ্ঞান, ফলিত পদার্থ বিজ্ঞান, রসায়ন, ফলিত রসায়ন, প্রাণ রসায়ন বা ফার্মেসি বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক(সম্মান) বা স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br><br>(খ) নৈর্বাচনিক বিষয় পদার্থ বিজ্ঞান, ফলিত পদার্থ বিজ্ঞান, রসায়ন, ফলিত রসায়ন, প্রাণ রসায়ন বা ফার্মেসি বিষয়সহ শিক্ষা বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক(সম্মান) ডিগ্রি; অথবা<br><br>(গ) স্নাতক পর্যায়ে পদার্থ বিজ্ঞান, ফলিত পদার্থ বিজ্ঞান, রসায়ন, ফলিত রসায়ন, প্রাণ রসায়ন বা ফার্মেসিসহ শিক্ষা বিষয়ে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br><br>(ঘ) পদার্থ বিজ্ঞান, ফলিত পদার্থ বিজ্ঞান, রসায়ন, ফলিত রসায়ন, প্রাণ রসায়ন বা ফার্মেসি বিষয়সহ স্নাতক বা সমমানের ডিগ্রি এবং ব্যাচেলর অব এডুকেশন (বিএড) বা ডিপ্লোমা ইন এডুকেশন ডিগ্রি বা ডিপ্লোমা: |

| (১) | (২) | | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|---|
| | | | | | তবে শর্ত থাকে যে, দফা (ক) তে উল্লিখিত কোনো প্রার্থী নিয়োগপ্রাপ্ত হইলে তাহাকে নিয়োগ প্রাপ্তির ৫ (পাঁচ) বৎসরের মধ্যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে শিক্ষা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএ-তে ব্যাচেলর অব এডুকেশন (বিএড) বা ডিপ্লোমা ইন এডুকেশন ডিগ্রি বা ডিপ্লোমা অর্জন করিতে হইবে:<br>আরও শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
| | | (চ) জীববিজ্ঞান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএ-তে-<br>(ক) প্রাণিবিদ্যা, উদ্ভিদ বিজ্ঞান, অনুজীব বিদ্যা বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক(সম্মান) বা স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>(খ) নৈর্বাচনিক বিষয় প্রাণিবিদ্যা, উদ্ভিদ বিজ্ঞান, বা অনুজীব বিদ্যাসহ শিক্ষা বিষয়ে ৪(চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি; অথবা<br>(গ) স্নাতক পর্যায়ে প্রাণিবিদ্যা, উদ্ভিদ বিজ্ঞান, বা অনুজীব বিদ্যাসহ শিক্ষা বিষয়ে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা |

| (১) | (২) | | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|---|
| | | | | | (ঘ) প্রাণিবিদ্যা, উদ্ভিদ বিজ্ঞান বা অনুজীব বিদ্যা বিষয়সহ স্নাতক বা সমমানের ডিগ্রি এবং ব্যাচেলর অব এডুকেশন (বিএড) বা ডিপ্লোমা ইন এডুকেশন ডিগ্রি বা ডিপ্লোমা:<br><br>তবে শর্ত থাকে যে, দফা (ক) তে উল্লিখিত কোনো প্রার্থী নিয়োগপ্রাপ্ত হইলে তাহাকে নিয়োগ প্রাপ্তির ৫ (পাঁচ) বৎসরের মধ্যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে শিক্ষা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএ-তে ব্যাচেলর অব এডুকেশন (বিএড) বা ডিপ্লোমা ইন এডুকেশন ডিগ্রি বা ডিপ্লোমা অর্জন করিতে হইবে:<br><br>আরও শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
| | | (ছ) ব্যবসায় শিক্ষা | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএ-তে-<br><br>(ক) হিসাব বিজ্ঞান, ফিনান্স এন্ড ব্যাংকিং, ব্যবস্থাপনা বা মার্কেটিং বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক(সম্মান) বা স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br><br>(খ) নৈর্বাচনিক বিষয় হিসাব বিজ্ঞান, ফিনান্স এন্ড ব্যাংকিং, ব্যবস্থাপনা বা মার্কেটিংসহ শিক্ষা বিষয়ে ৪(চার) বৎসর মেয়াদি স্নাতক(সম্মান) ডিগ্রি; অথবা |

| (১) | (২) | | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|---|
| | | | | | (গ) স্নাতক পর্যায়ে হিসাব বিজ্ঞান, ফিনান্স এন্ড ব্যাংকিং, ব্যবস্থাপনা বা মার্কেটিংসহ শিক্ষা বিষয়ে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br><br>(ঘ) হিসাব বিজ্ঞান, ফিনান্স এন্ড ব্যাংকিং, ব্যবস্থাপনা বা মার্কেটিং বিষয়সহ স্নাতক বা সমমানের ডিগ্রি এবং ব্যাচেলর অব এডুকেশন (বিএড) বা ডিপ্লোমা ইন এডুকেশন ডিগ্রি বা ডিপ্লোমা:<br><br>তবে শর্ত থাকে যে, দফা (ক) তে উল্লিখিত কোনো প্রার্থী নিয়োগ প্রাপ্ত হইলে তাহাকে নিয়োগ প্রাপ্তির ৫ (পাঁচ) বৎসরের মধ্যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে শিক্ষা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএ-তে ব্যাচেলর অব এডুকেশন (বিএড) বা ডিপ্লোমা ইন এডুকেশন ডিগ্রি বা ডিপ্লোমা অর্জন করিতে হইবে:<br><br>আরও শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
| | | (জ) ভূগোল | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএ-তে-<br><br>(ক) ভূগোল বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা |

| (১) | (২) | | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|---|
| | | | | | (খ) নৈর্বাচনিক বিষয় ভূগোলসহ শিক্ষা বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি; অথবা<br><br>(গ) স্নাতক পর্যায়ে ভূগোলসহ শিক্ষা বিষয়ে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br><br>(ঘ) ভূগোল বিষয়সহ স্নাতক বা সমমানের ডিগ্রি এবং ব্যাচেলর অব এডুকেশন (বিএড) বা ডিপ্লোমা ইন এডুকেশন ডিগ্রি বা ডিপ্লোমা:<br><br>তবে শর্ত থাকে যে, দফা (ক) তে উল্লিখিত কোনো প্রার্থী নিয়োগ প্রাপ্ত হইলে তাহাকে নিয়োগ প্রাপ্তির ৫ (পাঁচ) বৎসরের মধ্যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে শিক্ষা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএ-তে ব্যাচেলর অব এডুকেশন (বিএড) বা ডিপ্লোমা ইন এডুকেশন ডিগ্রি বা ডিপ্লোমা অর্জন করিতে হইবে:<br><br>আরও শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
| | | (ঝ) চারুকলা | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএ-তে-<br><br>(ক) চারুকলা বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br><br>(খ) নৈর্বাচনিক বিষয় চারুকলাসহ শিক্ষা বিষয়ে ৪(চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি; অথবা |

| (১) | (২) | | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|---|
| | | | | | (গ) স্নাতক পর্যায়ে চারুকলাসহ শিক্ষা বিষয়ে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br><br>(ঘ) চারুকলা বিষয়সহ স্নাতক বা সমমানের ডিগ্রি এবং ব্যাচেলর অব এডুকেশন (বিএড) বা ডিপ্লোমা ইন এডুকেশন ডিগ্রি বা ডিপ্লোমা:<br><br>তবে শর্ত থাকে যে, দফা (ক) তে উল্লিখিত কোনো প্রার্থী নিয়োগ প্রাপ্ত হইলে তাহাকে নিয়োগ প্রাপ্তির ৫ (পাঁচ) বৎসরের মধ্যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে শিক্ষা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএ-তে ব্যাচেলর অব এডুকেশন (বিএড) বা ডিপ্লোমা ইন এডুকেশন ডিগ্রি বা ডিপ্লোমা অর্জন করিতে হইবে:<br><br>আরও শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
| | | (ঞ) শারীরিক শিক্ষা | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএ-তে-<br><br>(ক) শারীরিক শিক্ষা বিষয়ে ৪(চার) বৎসর মেয়াদি স্নাতক(সম্মান) বা স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br><br>(খ) নৈর্বাচনিক বিষয় শারীরিক শিক্ষাসহ শিক্ষা বিষয়ে ৪(চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি; অথবা |

| (১) | (২) | | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|---|
| | | | | | (গ) স্নাতক পর্যায়ে শারীরিক শিক্ষাসহ শিক্ষা বিষয়ে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br><br>(ঘ) শারীরিক শিক্ষা বিষয়সহ স্নাতক বা সমমানের ডিগ্রি এবং ব্যাচেলর অব এডুকেশন (বিএড) বা ডিপ্লোমা ইন এডুকেশন ডিগ্রি বা ডিপ্লোমা:<br><br>তবে শর্ত থাকে যে, দফা (ক) তে উল্লিখিত কোনো প্রার্থী নিয়োগপ্রাপ্ত হইলে তাহাকে নিয়োগ প্রাপ্তির ৫ (পাঁচ) বৎসরের মধ্যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে শিক্ষা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ব্যাচেলর অব এডুকেশন (বিএড) বা ডিপ্লোমা ইন এডুকেশন ডিগ্রি বা ডিপ্লোমা অর্জন করিতে হইবে:<br><br>আরও শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
| | | (ট) কৃষি শিক্ষা | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএ-তে-<br><br>(ক) কৃষি শিক্ষা বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br><br>(খ) নৈর্বাচনিক বিষয় কৃষি শিক্ষাসহ শিক্ষা বিষয়ে ৪(চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি; অথবা |

| (১) | (২) | | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|---|
| | | | | | (গ) স্নাতক পর্যায়ে কৃষি শিক্ষাসহ শিক্ষা বিষয়ে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br><br>(ঘ) কৃষি শিক্ষা বিষয়সহ স্নাতক বা সমমানের ডিগ্রি এবং ব্যাচেলর অব এডুকেশন (বিএড) বা ডিপ্লোমা ইন এডুকেশন ডিগ্রি বা ডিপ্লোমা:<br><br>তবে শর্ত থাকে যে, দফা (ক) তে উল্লিখিত কোনো প্রার্থী নিয়োগপ্রাপ্ত হইলে তাহাকে নিয়োগ প্রাপ্তির ৫ (পাঁচ) বৎসরের মধ্যে-<br><br>(অ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে শিক্ষা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ব্যাচেলর অব এডুকেশন (বিএড) বা ডিপ্লোমা ইন এডুকেশন ডিগ্রি বা ডিপ্লোমা অর্জন করিতে হইবে; অথবা<br><br>(আ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে কৃষি শিক্ষা বিষয়ে ৩ (তিন) বা ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা এবং ব্যাচেলর অব এডুকেশন (বিএড) বা ডিপ্লোমা ইন এডুকেশন ডিগ্রি বা ডিপ্লোমা অর্জন করিতে হইবে:<br><br>আরও শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |

| (১) | (২) | | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|---|
| | | (ঠ) ধর্ম | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএ-তে-<br>(ক) আরবি বা ইসলাম শিক্ষা বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>(খ) নৈর্বাচনিক বিষয় আরবি বা ইসলাম শিক্ষাসহ শিক্ষা বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি; অথবা<br>(গ) স্নাতক পর্যায়ে আরবি বা ইসলাম শিক্ষাসহ স্নাতক বা সমমানের ডিগ্রিসহ শিক্ষা বিষয়ে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>(ঘ) আরবি বা ইসলাম শিক্ষা বিষয়সহ স্নাতক বা সমমানের ডিগ্রি এবং ব্যাচেলর অব এডুকেশন (বিএড) বা ডিপ্লোমা ইন এডুকেশন ডিগ্রি বা ডিপ্লোমা:<br>তবে শর্ত থাকে যে, দফা (ক) তে উল্লিখিত কোনো প্রার্থী নিয়োগপ্রাপ্ত হইলে তাহাকে নিয়োগ প্রাপ্তির ৫ (পাঁচ) বৎসরের মধ্যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে শিক্ষা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএ-তে ব্যাচেলর অব এডুকেশন (বিএড) বা ডিপ্লোমা ইন এডুকেশন ডিগ্রি বা ডিপ্লোমা অর্জন করিতে হইবে:<br>আরও শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১৬। | সহকারী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (গ্রেড-১০) | ৩০ বৎসর | মোট পদের-<br>(ক) শতকরা ২০ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) শতকরা ৮০ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>পদোন্নতির ক্ষেত্রে:</u><br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ ব্যাচেলর অব এডুকেশন (বিএড) ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিসহ ব্যাচেলর অব এডুকেশন (বিএড) ডিগ্রি, এবং-<br>(ক) ১৩তম গ্রেডভুক্ত প্রধান সহকারী, হিসাবরক্ষক কাম প্রধান সহকারী, অডিটর, প্রধান সহকারী কাম হিসাবরক্ষক বা সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি অথবা উল্লিখিত যে কোনো পদসহ দফা (খ) তে বর্ণিত যে কোনো পদে সর্বমোট ৭ (সাত) বৎসরের চাকরি; অথবা<br>(খ) ১৪তম গ্রেডভুক্ত উচ্চমান সহকারী, প্রধান সহকারী কাম হিসাব রক্ষক, প্রধান সহকারী, হিসাবরক্ষক-কাম-ক্লার্ক বা হিসাব রক্ষক, সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর বা ব্যক্তিগত সহকারী কাম স্টেনোটাইপিস্ট পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u><br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএ-তে-<br>(ক) ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | (খ) স্নাতক বা সমমানের ডিগ্রি এবং ব্যাচেলর অব এডুকেশন (বিএড) বা ডিপ্লোমা ইন এডুকেশন ডিগ্রি বা ডিপ্লোমা:<br><br>তবে শর্ত থাকে যে, দফা (ক) তে উল্লিখিত কোনো প্রার্থী নিয়োগপ্রাপ্ত হইলে তাহাকে নিয়োগ প্রাপ্তির ৫ (পাঁচ) বৎসরের মধ্যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে শিক্ষা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএ-তে ব্যাচেলর অব এডুকেশন (বিএড) বা ডিপ্লোমা ইন এডুকেশন ডিগ্রি বা ডিপ্লোমা অর্জন করিতে হইবে:<br><br>আরও শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
| ১৭। | (ক) সহকারী গ্রন্থাগারিক কাম ক্যাটালগার<br>(খ) সহকারী লাইব্রেরীয়ান<br>(গ্রেড-১০) | ৩০ বৎসর | মোট পদের-<br>(ক) শতকরা ৫ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) শতকরা ৯৫ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br><br>১৩তম গ্রেডভুক্ত সহকারী গ্রন্থাগারিক কাম ক্যাটালগার বা অ্যাসিসটেন্ট লাইব্রেরিয়ান-কাম-ডকুমেন্টেশন অফিসার পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি।<br><br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br><br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে-<br><br>(ক) অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | (খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪(চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি:<br><br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। |
